

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩০টি প্রতিষ্ঠানকে ৩.২৮ লক্ষ টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে গত ১১ জুন ২০১৬ তারিখে ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী মহানগরে বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর কাফরুল থানাধীন বিএফ শপিং কমপ্লেক্সে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আনন্দ কনফেকশনারী ও মজনু ফলের দোকানকে যথাক্রমে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে মিতা স্টোরকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে পোস্টাল স্টোরকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোলু মাংস বিতান ও মাহাতাব মাংস বিতানকে ২,০০০/- (দুই হাজার) টাকা করে ৪,০০০/- (চার হাজার) টাকাসহ মোট ৮০,০০০/- (আশি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে নামিবা রেস্টুরেন্ট ও আল ইসমাইল হোটেল এন্ড রেস্টুরেন্টকে যথাক্রমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর শেরে বাংলানগর ও মিরপুর মডেল থানা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করার অপরাধে ৪টি প্রতিষ্ঠানকে মোট ১৫,৫০০/- (পনের হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়াও ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর শাহআলী ও পল্লবী এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ১১টি প্রতিষ্ঠানকে মোট ৪৪,০০০/- (চুয়াল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উপ পরিচালক জুবায়ের আহমেদের নেতৃত্বে চট্টগ্রামের পাঁচলাইশ, চকবাজার ও কোতয়ালী থানা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও অবহেলার অপরাধে ৫টি প্রতিষ্ঠানকে ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক, অর্পূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর মতিহার থানা, শ্যামপুর ও বোয়ালিয়া থানায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ২টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকাসহ মোট ১,৫৪,০০০/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৬টি বাজার তদারকিতে ৩০টি প্রতিষ্ঠানকে মোট ৩,২৮,৫০০/- (তিন লক্ষ আটশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, ক্যাব, স্যানিটারী ইন্সপেক্টর ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী মহানগর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী মহানগর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।